

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
নগরকান্দা, ফরিদপুর।

**বিজ্ঞপ্তি**

স্মারক নং- ৩২.০১.২৯৬২.০০০.২৭.০০৪.২৪- ৭৭


তারিখঃ ০৩/০৩/২০২৪

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে (W T C) সম্পূর্ণ বিনামূল্যে নগরকান্দা উপজেলার স্থায়ী বাসিন্দাদের মধ্যে আগ্রহী মহিলাদের নিম্ন লিখিত ট্রেডে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়
১	দর্জি বিজ্ঞান	৫ম শ্রেণী	এপ্রিল/২৪ হতে জুন/২৪ পর্যন্ত	৩০ জন	২১/০৩/২০২৪ ১০.০০ ঘটিকা


**ভর্তির নিয়মাবলী/শর্তাবলী :-**

- ১। আবেদনকারীর বয়স ২০-৪০ বছরের মধ্যে হতে হবে।
- ২। আবেদনকারীকে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক আগামী ১৮/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র সনদের সত্যায়িত কপি, নাগরিক সনদ পত্র সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৪। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের সরকার কর্তৃক সনদপত্র ও প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ৫। প্রশিক্ষণার্থীদের কর্মদিবসে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থেকে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৬। দুঃস্থ, তালাক প্রাপ্ত, বিধবা ও স্বামী পরিত্যক্ত মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।

  
কাজী বিনু কবির  
উপজেলা নির্বাহী অফিসার  
নগরকান্দা, ফরিদপুর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-**

- ১। মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা।
- ২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
- ৪। উপ-পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
- ৫। উপজেলা -----, কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।
- ৬। মেয়র / চেয়ারম্যান ----- (পৌরসভা ও ইউপি) নগরকান্দা, ফরিদপুর।
- ৭। নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।

  
কাজী বিনু কবির  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
নগরকান্দা, ফরিদপুর।